

সমস্ত ব্যবসায়িক ব্যাংকের চিফ একজিকিউটিভ সমীপে

মাননীয় মহাশয়,

‘আপনার গ্রাহককে জানুন’ (কে ওয়াই সি) নির্দেশিকা - হাওলা প্রতিরোধী নির্ধারিত বিধি

বিজ্ঞপ্তি DBOD. No. AML.BC.18/14.01.001/2002-2003 তারিখ ১৬ই আগস্ট ২০০২ অনুসারে ‘আপনার গ্রাহককে জানুন’ এর নিয়মের নির্দেশিকা। ব্যাংকগুলিকে কিছু গ্রাহকের উপর নজর দিতে উপদেশ দেওয়া হচ্ছে, তাদের অ্যাকাউন্ট খোলার পদ্ধতি এবং টাকার লেনদেনের উপর নজরদারী করা এবং সেইসমস্ত তথ্য যথাযথ আধিকারিককে জানানো। ‘আপনার গ্রাহককে জানুন’-র নির্দেশিকাগুলি তৈরী হয়েছে ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফ এ টি এফ)-এর টাকা হাওলা বিরোধী(এ এম এল)-র নির্ধারিত বিধি এবং কমব্যাটিং ফিন্যান্সিং অফ টেররিজম (সি-এফ-টি) সুপারিশের ভিত্তিতে। এই মানগুলি এখন নিয়ন্ত্রণ আধিকারী দ্বারা তৈরী হাওলা প্রতিরোধী এবং আর্থিক সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে লড়াই করার জন্য একটি আন্তর্জাতিক স্বীকৃত কাঠামো। মানগুলির দ্বারা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এবং দেশের মধ্যে আন্তর্জাতিক প্রয়োজনীয় আর্থিক সম্পর্ক গঠিত হবে। ফিন্যান্সিয়াল টাস্ক ফোর্সের সুপারিশ এবং বেসেল কমিটি দ্বারা প্রকাশিত ব্যাংকিংয়ের তত্ত্বাবধানে কিছু চিহ্নিত প্রস্তাব সম্বলিত পুস্তিকা থেকে যেখানে যতটুকু প্রয়োজন নিয়ে বিশদ নির্দেশিকা তৈরী হয়েছে। এই বিজ্ঞপ্তি দ্বারা ব্যাংকগুলিকে উপদেশ দেওয়া হচ্ছে যে, তিন মাসের মধ্যে ‘আপনার গ্রাহককে জানুন’ এবং হাওলা প্রতিরোধী নির্ধারিত বিধি নির্ণয় পদ্ধতির সঠিক নীতি নির্ধারণ করে সেটি পর্যদের কাছে অনুমোদনের জন্য পাঠাতে। আরো বলা হচ্ছে যে, ৩১-শে ডিসেম্বর, ২০০৫-র আগে ব্যাংকগুলি বিজ্ঞপ্তির শর্তগুলি পুরোপুরি নিশ্চিত করবে।

২। যখন কার্যকরী নির্দেশিকা তৈরী করার প্রস্তুতি হবে তখন বিজ্ঞপ্তি নং DBOD.AML.BC. No.83/14.01.001/2003-04 তাং ১২-ই মে, ২০০৪-র নির্দেশিকা মনে রাখতে হবে, যেখানে ব্যাংকগুলিকে উপদেশ দেওয়া হচ্ছে অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত তথ্যের গোপনীয়তা বজায় রাখতে এবং কোন তথ্য বিক্রয় অথবা অন্য কোন কারণে প্রকাশ না পায়। অতএব বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশিকা অনুসারে এটাও ব্যাংকগুলিকে নিশ্চিত করতে বলা হচ্ছে যে, গ্রাহকের কাছ থেকে নেওয়া তথ্য শারীরিক বিপদের কারণ না হয়। অ্যাকাউন্ট খোলার সময় এবং পরে গ্রাহকের কাছ থেকে তার অনুমতিতে নেওয়া অপর কোন তথ্য আলাদাভাবে রক্ষিত রাখতে হবে।

৩। ব্যাংকের উচিত যেকোন টাকা, ডিম্যান্ড ড্রাফট, ডাক/তড়িত দ্বারা প্রেরণ অথবা অন্য কোন ভাবে এবং পঞ্চাশ হাজার বা তদুর্ধ্বের ভ্রমণকারীর চেক, গ্রাহকের অ্যাকাউন্টে জমা করে চেকের দ্বারা তা প্রেরণ করতে হবে, নগদ অর্থে নয়।

৪। ব্যাংকের উচিত ১৯৭৬-র বিদেশী অনুদান এবং নিয়ন্ত্রণ আইনের ধারাগুলি যেখানে যা প্রযোজ্য তা কঠোরভাবে প্রয়োগ করা।

৫। এই নির্দেশিকাগুলি ১৯৪৯-র ব্যাংকিং নিয়ন্ত্রণ আইনের ৩৫-র ক ধারা অনুযায়ী প্রকাশ করা হয়েছে এবং কোন নির্দেশের ভঙ্গ অথবা অমিল হলে আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী তা শাস্তিযোগ্য।

৬। একবার নীতি নির্ধারিত হয়ে গেলে এবং ব্যাংক সেটার প্রয়োগ করলে এই বিজ্ঞপ্তি অনুযায়ী প্রকাশিত সমস্ত নির্দেশ, সেই দিন থেকে 'আপনার গ্রাহককে জানুন' এবং টাকা হাওলা বিরোধী মানের সমস্ত নির্দেশের জ্ঞানাধিকার করবে।

ইতি ভবদীয়,

(প্রশান্ত সারন)

চিফ জেনারেল ম্যানেজার

সংযুক্তি : উপরে বর্ণিত

‘আপনার গ্রাহককে জানুন’ নিয়মের নির্দেশিকা

এবং

হাওলা প্রতিরোধী বিধি

‘আপনার গ্রাহককে জানুন’-এর নির্ধারিত বিধি

১। কে ওয়াই সি নির্দেশকার লক্ষ্য হল ইচ্ছাকৃতভাবে বা অনিচ্ছাকৃতভাবে টাকা হাওলার কাজে ব্যাংককে ব্যবহার থেকে রক্ষা করা। কে ওয়াই সি-র কার্যপ্রণালী ব্যাংকগুলিকে তার গ্রাহককে ভালভাবে জানতে/বুঝতে এবং অর্থনৈতিক লেনদেন যা তাদেরও ঝুঁকি থেকে রক্ষা করতে সাহায্য করবে। ব্যাংকগুলি কে ওয়াই সি কর্মপন্থা নির্ধারিত করতে পারে নিম্নলিখিত চারটি মুখ্য বিষয়ের সহযোগে :

- (১) গ্রাহকের গ্রহণ নীতি
- (২) গ্রাহকের চিহ্নিতকরণ নিয়ম
- (৩) লেনদেনের উপর নজরদারি এবং
- (৪) ঝুঁকি পরিচালন।

কে ওয়াই সি নীতির উদ্দেশ্যে একজন ‘গ্রাহক’ এইভাবে নিরূপিত হতে পারেন :

- একজন ব্যক্তি অথবা সত্তা যিনি অ্যাকাউন্ট এবং/অথবা ব্যাংকের সহিত ব্যবসার সম্পর্ক রক্ষা করেন;
- যাদের হয়ে একজন অ্যাকাউন্ট রক্ষা করেন (বেনিফিসিয়াল ওনার);
- পেশাদার মধ্যবর্তী যেমন স্টক ব্রোকার, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, উকিল দ্বারা পরিচালিত লেনদেনে লাভবানরা

কোন ব্যক্তি বা সত্তা যিনি আর্থিক লেনদেনের সাথে যুক্ত যা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে বা অপর কোন ঝুঁকি হতে পারে ব্যাংকের কাছে, যেমন ওয়ার ট্রান্সফার অথবা একক লেনদেনে উচ্চ মূল্যের ডিমান্ড ড্রাফট প্রদান।

গ্রাহক গ্রহণ নীতি (সি এ পি)

২। ব্যাংকগুলি একটি পরিষ্কার গ্রাহক গ্রহণ নীতি তৈরী করবে সুস্পষ্ট গ্রাহক গ্রহণের নিয়মের ভিত্তিতে।

- ক) কোন অনামী অথবা কাল্পনিক/বেনামী নামে অ্যাকাউন্ট খোলা যাবে না;
- খ) ঝুঁকির দিকগুলো নিরূপণ করার জন্য ব্যবসার প্রকৃতি, কার্যপ্রণালী, লেনদেনের পরিমাণ, সামাজিক আর্থিক অবস্থা ইত্যাদি সুস্পষ্টভাবে উপলব্ধি করা যা গ্রাহকদের শ্রেণী বিভক্ত করবে, কম, মাঝারি এবং উচ্চ ঝুঁকির

ব্যাংক যে কোন একটি উপযুক্ত পরিভাষা বেছে নিতে পারে, যেমন প্রথম ধাপ, দ্বিতীয় ধাপ এবং তৃতীয় ধাপ); রাজনৈতিক পরিচিত ব্যক্তির উপর বিশেষ পর্যবেক্ষণ প্রয়োজন (পি ই পি-র-সংশ্লিষ্ট ১-এর বর্ণনা অনুসারে), যদি প্রয়োজন পরে তাহলে তাদের উচ্চশ্রেণীভুক্ত করতে হবে;

(গ) পি এম এল আইন, ২০০২ এবং রিসার্ভ ব্যাংকের সময়ে সময়ে প্রকাশিত নির্দেশিকা মনে রেখে ঝুঁকির ভিত্তিতে গ্রাহকদের আলাদা আলাদা শ্রেণী অনুযায়ী কাগজপত্র ও অন্যান্য তথ্য সংগ্রহ করতে হবে।

ঘ) যে অ্যাকাউন্ট আছে তা খোলা বা বন্ধ করা যাবে না যেখানে ব্যাংক উপযুক্ত শ্রম মান প্রয়োগ করতে পারছে না যেমন ব্যাংক পরিচয় যাচাই করতে পারছে না এবং গ্রাহকের অসহযোগিতায় ঝুঁকি শ্রেণী অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র পাচ্ছে না অথবা যে সমস্ত তথ্য তারা ব্যাংকে দিয়েছে তা বিশ্বাসযোগ্য নয়। উদাহরণস্বরূপ একটি অ্যাকাউন্ট বন্ধের সিদ্ধান্ত কারণবশতঃ উচ্চ শ্রেণীভুক্ত হতে পারে যখন সেই গ্রাহক তার এই সিদ্ধান্তের পিছনে কারণ বর্ণনা দিয়ে তা ঘোষণা করে।;

ঙ) ঘটনাচক্রে একজন গ্রাহক যখন অন্য ব্যক্তিত্ব/অস্তিত্বের হয়ে কাজ করার অনুমতি পায় তখন প্রতিষ্ঠিত আইন এবং ব্যাংকিং-এর নিয়ম অনুযায়ী পরিষ্কারভাবে বলতে হবে, কোন ঘটনায় অ্যাকাউন্টটি কেবলমাত্র অ্যাকাউন্ট হোল্ডারই চালনা করতে পারবে অথবা কোথায় অ্যাকাউন্ট খোলা হতে পারে কোন মধ্যবর্তী ব্যক্তির দৃঢ় ক্ষমতার দ্বারা।;

চ) কোন নতুন অ্যাকাউন্ট খোলার আগে প্রয়োজনীয় পরীক্ষা করে নিতে হবে যাতে গ্রাহক পরিচিতি এমন কোন ব্যক্তিত্বের সঙ্গে না মেলে যার অপরাধীর পূর্ব অভিজ্ঞতা আছে বা নিষিদ্ধ অস্তিত্ব আছে যেমন জঙ্গী সংগঠন ইত্যাদি।

ব্যাংক ঝুঁকির শ্রেণী অনুযায়ী নতুন গ্রাহকের সংক্ষিপ্ত জীবনপঞ্জি তৈরী করতে পারে। গ্রাহকের সংক্ষিপ্ত খসরা গ্রাহকের পরিচয়। সামাজিক/আর্থিক অবস্থা, ব্যবসার কাজের প্রকৃতি, গ্রাহকের ব্যবসার তথ্য এবং তার অবস্থান ইত্যাদি। ব্যাংক ঝুঁকি নির্ভর করবে পরিশ্রমের ও প্রকৃতির উপর। যদিও যখন ব্যাংক গ্রাহকের সংক্ষিপ্ত খসরা তৈরী করবে তখন এই বিষয়ে সাবধান থাকতে হবে যে সেইসব তথ্যই ব্যাংক জানতে চাইবে যা ঝুঁকির শ্রেণী অনুযায়ী সঙ্গতিপূর্ণ, কোন

অপ্রয়োজনীয় তথ্য নয়। গ্রাহকের সংক্ষিপ্ত খসরা খুব গোপনীয় দলিলপত্র এবং এর বিশদতথ্য বিক্রয় বা অন্য কোন কারণে প্রকাশিত হবে না।

ঝুঁকির শ্রেণীর উদ্দেশ্যে, ব্যক্তিগত (উচ্চবিত্ত ছাড়া) এবং সংস্থা যাদের পরিচিতি এবং সম্পত্তির উত্স খুব সহজেই জানা যায় এবং পরিচিত খসরার অ্যাকাউন্টে লেনদেন হলে, তাদেরকে কম ঝুঁকির শ্রেণীভুক্ত করা যায়। বিষদভাবে বলতে গেলে, বেতনভুক কর্মচারী যাদের বেতন সঠিকভাবে নির্ণয় করা যায়, সমাজের নিম্নবিত্ত ব্যক্তি যাদের অ্যাকাউন্টে খুব কম টাকা জমা এবং খুব কম লেনদেন হয়, সরকারী দপ্তর এবং সরকারী সংস্থা, নিয়ন্ত্রক বা সংবিধান দ্বারা ব্যবস্থিত কমিটি ইত্যাদি। এই সব ক্ষেত্রে নীতি হবে মৌলিক প্রয়োজনীয় পরিচিতির প্রমাণ দস্তাবেজ, গ্রাহকের সহিত সাক্ষাতের অবস্থান। গ্রাহক সাধারণ ঝুঁকির থেকে উচ্চ ঝুঁকির হলে সেটা মাঝারি অথবা উচ্চ ঝুঁকির শ্রেণীভুক্ত হবে এবং সেটা নির্ভর করবে গ্রাহকের পূর্ব অভিজ্ঞতা, প্রকৃতি এবং কার্যের অবস্থান, কোন দেশের, জমার উত্স এবং তার গ্রাহকের সংক্ষিপ্ত খসরার উপর। ব্যাংকের পরিশ্রম নির্ভর করবে গ্রাহকের ঝুঁকির নির্ধারণের উপর। উচ্চ ঝুঁকির গ্রাহকের উপর 'বেশী দৃষ্টি', বিশেষত যাদের জমার উত্স ঠিক পরিষ্কার নয়। উদাহরণস্বরূপ, যেসব গ্রাহকের উপর বেশী দৃষ্টি দেওয়া উচিত (ক) যে সব গ্রাহক এখানে বসবাস করেন না, (খ) একক ব্যক্তি যার জমার পরিমাণ বেশী (গ) ট্রাস্ট, সাহায্য প্রদানকারী সংস্থা, সেচ্ছাসেবী সংস্থা এবং সেই সব সংস্থা, যারা দান গ্রহণ করে, (ক) কোম্পানী যার মালিকানা খুব নিকট পরিবারের ব্যক্তিদের অথবা লাভের অংশীদার, (ঙ) ব্যবসা প্রতিষ্ঠান (চ) সুপ্ত মালিকানার ব্যবসা প্রতিষ্ঠান (ছ) বিদেশী বংশভুক্ত রাজনৈতিক পরিচিত ব্যক্তিত্ব (পি ই পি), (জ) যে সব গ্রাহকের সহিত মুখোমুখি সাক্ষা হয় না এবং (ঝ) তারা যাদের সাধারণের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী সন্দেহজনক বলে খ্যাতি আছে, ইত্যাদি।

একটা জরুরী বিষয় মনে রাখতে হবে গ্রাহক গ্রহণ নীতি এবং তার প্রয়োগ খুব বেশী বাঁধা যুক্ত হবে না এবং তার ফলে জনসাধারণ গ্রাহক পরিষেবা দিতে অস্বীকার করা যাবে না। বিশেষত যারা আর্থিক অথবা সামাজিক দিক থেকে অনগ্রসর।

গ্রাহক সনাক্তকরণ নিয়মাবলী (সি আই পি)

৩। নীতিটি ব্যাংকের পর্ষদের দ্বারা অনুমোদিত হবে যেখানে স্পষ্টভাবে গ্রাহকের সনাক্তকরণ নিয়মাবলী বিভিন্ন ধাপে কি হবে তা বলে দেওয়া থাকবে যেমন যখন ব্যাংকের সঙ্গে সম্পর্ক গঠিত হবে; আর্থিক লেনদেন যখন সংগঠিত হবে অথবা

ব্যাংকের যখন গ্রাহকের কোথাও জমা দেওয়া পর্যাপ্তকরণের তথ্যের যথার্থতা/ সত্যবাদীতার উপর সন্দেহ হবে। গ্রাহক সনাক্তকরণ মানে হচ্ছে গ্রাহকের পরিচয় চিহ্নিত করবে এবং বিশ্বাসযোগ্য, স্বাধীন উত্স দস্তাবেজের দ্বারা। ব্যাংককে পর্যাপ্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হবে পরিচিতি প্রতিষ্ঠিত করার জন্য, সম্ভবতার জন্য প্রত্যেক নতুন গ্রাহকের, নিয়মিত অথবা অনিয়মিতভাবে এবং ব্যাংকিং পরিষেবার সম্পর্ক স্থাপনের মনস্থ করার সময়। সম্ভব হওয়ার অর্থ হচ্ছে ব্যাংক নির্দেশিকা অনুসারে গ্রাহকের ঝুঁকির শ্রেণী অনুযায়ী অধ্যবসার সহিত পর্যবেক্ষণ করেছে যা যোগ্য কর্তৃপক্ষকে সম্ভব করতে পারে। এই সমস্ত ঝুঁকির ভিত্তি করা আবেদনের জন্য প্রয়োজন বিবেচনা, ব্যাংকের অসমমূল্য এবং গ্রাহকের জন্য ভারী শাসনপ্রণালী পরিহার করা। ঝুঁকির উপলব্ধি ছাড়া, তথ্য/দস্তাবেজের প্রকৃতি প্রয়োজন, গ্রাহকের প্রকৃতি (স্বতন্ত্র, কর্পোরেট ইত্যাদি) উপর নির্ভর করে। সাধারণ ব্যক্তি গ্রাহক হলে ব্যাংক গ্রাহকের সনাক্তকরণ প্রমাণের জন্য যথেষ্ট সমাক্তকরণ তথ্য নেবে; তার ঠিকানা/অবস্থান, এবং তার একটি এখনকার ফটো। আইনী ব্যক্তি বা সংস্থার জন্য ব্যাংক (ক)সঠিক অথবা সংশ্লিষ্ট নথী দ্বারা আইনী ব্যক্তি বা সংস্থার আইনী অবস্থান পরীক্ষা করবে (খ) কোন ব্যক্তি আইনী ব্যক্তি বা সংস্থা হয়ে কাজ করেন তাহলে সেই ব্যক্তির পরিচয় পরীক্ষা করবে (গ) গ্রাহকের পরিচালন কাঠামো এবং মালিকানা বুঝবে এবং স্থির করবে সেই ব্যক্তিকে যিনি আইনী ব্যক্তিকে নিয়ন্ত্রন করেন। গ্রাহক সনাক্তকরণ প্রয়োজন হয় কিছু বিশেষ ঘটনায়। বিশেষতঃ, আইনী ব্যক্তি, ব্যাংকের পরিচালন নীতির জন্য সংযোজন ১ অনুযায়ী বিশেষ সাবধানতা নেওয়া হবে। ব্যাংক যদিও তাদের নিজেদের পরিচালন নীতি তৈরী করবে এই রকম ব্যক্তি বা সংস্থার লেনদেনের অভিজ্ঞতা, সাধারণ গ্রাহকের পরিণামদর্শিতা এবং স্থায়িত্বের জন্য আইনী প্রয়োজনের উপর ভিত্তি করে, যদি বৃদ্ধান্ত নেয় যে এইরকম অ্যাকাউন্ট গ্রহণ করার তাদের গ্রাহক গ্রহণ নীতি অনুযায়ী, ব্যাংক প্রয়োজনীয় নীতি নেবে তার /তাদের লাভবান মালিক/মালিকদের সগাক্ত করার জন্য। গ্রাহক সনাক্তকরণের জন্য সংযোজিত ১ সূচকমালা-র অনুযায়ী কোন দস্তাবেজের/তথ্যের প্রকৃতি এবং শ্রেণীর উপর নির্ভর করবে।

লেনদেনের উপর নজরদারি

৪। সর্বদা নজরদারী, কার্যকরী কে ওয়াই সি নিয়মাবলী অনুযায়ী প্রয়োজনীয় উপাদান। ব্যাংক কার্যকরীভাবে ঝুঁকি নিয়ন্ত্রণ বা কমাতে পারে যদি কেবল অনুধাবন করে গ্রাহকের সাধারণ এবং যুক্তিযুক্ত কাজ, তার বাইরে থেকে হওয়া লেনদেন যা প্রাত্যাহিক কাজের চরিত্রের উপর প্রভাব পরে, তার একটা মানে থাকে। যদিও অ্যাকাউন্টের উপর নজরদারীর

পরিমাণ নির্ভর করবে তার ঝুঁকি প্রবণতার উপর। ব্যাংক বিশেষ মনোযোগ দেবে সমস্ত জটিল, সন্দেহজনক বড় লেনদেন, সন্দেহজনক নমুনা যার কোন আপাতদৃষ্টিতে অর্থনৈতিক অথবা দৃশ্যতঃ আইনী কোন প্রয়োজন নেই। ব্যাংক কিছু নির্দিষ্ট শ্রেণীর অ্যাকাউন্টকে একটা করে সীমা বেঁধে দেবে এবং তাদের উপর নির্দিষ্ট নজর দেবে যে ঐ সীমা লঙ্ঘন করবে। গ্রাহকের থেকে সাধারণ যে কার্যকলাপ আশা করা হয় তার থেকে বেশী পরিমাণ অর্থের লেনদেন, ব্যাংকের নির্দিষ্ট দৃষ্টি আকর্ষণ করবে। খুব উচ্চ লেনদেনের অ্যাকাউন্ট তার জমাকৃত টাকার পরিমাণ নির্দেশ করতে পারে যে টাকা ঐ অ্যাকাউন্টের মধ্য দিয়ে সরিয়ে নেওয়া হচ্ছে। উচ্চ ঝুঁকির অ্যাকাউন্টের উপর অতিরিক্ত নজরদারী প্রয়োজন। প্রত্যেক ব্যাঙ্ক মৌলিক সূচক স্থির করবে, এইসব অ্যাকাউন্টের জন্য গ্রাহকের পূর্ব অভিজ্ঞতা নথীভুক্ত করবে যেমন, সে কোন দেশের, তার জমার উত্স, কি ধরণের লেনদেন জড়িত এবং অন্যান্য ঝুঁকি। ব্যাংক নিশ্চিত করবে যে পি এম এল আইন, ২০০২-র ১২নং ধারা অনুযায়ী লেনদেন নথীভুক্ত হয়েছে। এটাও ব্যাংক নিশ্চিত করবে যে সন্দেহজনক লেনদেন এবং/অথবা অন্যান্য লেনদেন যা পি এম এল আইন, ২০০২-র ১২ নং ধারা অনুযায়ী অন্যান্য লেনদেনের সম্পর্কিত তথ্য যথাযথ আইনী বলপ্রয়োগকারী কর্তৃপক্ষের কাছে জানানো।

ব্যাংক এটাও নিশ্চিত করবে, ১০ লক্ষ টাকা বা তার উপরের সকল নগদ লেনদেন (জমা এবং তোলা) সঠিকভাবে নথীভুক্ত হচ্ছে। অর্ন্তবর্তী নজরদারী ব্যবস্থা একটা অটুট নিয়মাবলী, যা এই সমস্ত লেনদেন এবং সন্দেহজনক প্রকৃতি সম্পর্কে নিয়ন্ত্রণ/প্রধান কার্যালয়কে পনেরদিন অন্তর সংবাদ প্রদান করবে।

ঝুঁকি পরিচালন

৫। ব্যাংক অধিকর্তাদের পর্ষদ নিশ্চিত করবে যথাযথ নিয়মাবলী প্রতিষ্ঠিত করে কার্যকরী কে এয়াই সি নীতি বাস্তবায়িত করা এবং তার কার্যকরী প্রয়োগ করা। এটার মধ্যে সঠিক পরিচালন ক্রটি, পদ্ধতি এবং নিয়ন্ত্রণ, কর্তব্যের পৃথকীকরণ, হাতে কলমে শিক্ষা দান এবং সংশ্লিষ্ট অপর বিষয়ও থাকবে। ব্যাংকের নীতি এবং নিয়মাবলী কার্যকরী করতে ব্যাংকের মধ্যে দায়িত্ব স্পষ্টভাবে ভাগ করে দেওয়া উচিত। ব্যাংক বর্তমান এবং নতুন গ্রাহকের ঝুঁকির রেখাচিত্র তৈরী করার জন্য তাদের পর্ষদের সঙ্গে আলোচনা করতে পারে এবং একটি লেনদেন, অ্যাকাউন্ট অথবা ব্যাঙ্কিং/ব্যবসায়িক সম্পর্কের ঝুঁকির পরিমাণের উপর নির্ভর করে অনেকরকম টাকা হাওলা বিরোধী উপায় অবলম্বন করতে পারে।

কে ওয়াই সি নীতি এবং নিয়মাবলীর মূল্যায়ণকে দৃঢ়ভাবে সমর্থন ও নিশ্চিত করতে ব্যাংকের অন্তর্বর্তী হিসাব পরীক্ষা এবং সম্মতির কাজ খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাধারণ নিয়ম হিসাবে, সম্মতির কাজ ব্যাংকের নিজের নীতি এবং নিয়মাবলীর স্বাধীন মূল্যায়ণ করবে, আইনী এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তার সঙ্গে। ব্যাংক এটা নিশ্চিত করবে তার হিসাব পরীক্ষার ব্যবস্থা পর্যাপ্ত কর্মচারীদের নিয়ে গঠিত হবে যারা নিজেরাই এই নীতি এবং নিয়মাবলীর সম্পর্কে সম্পূর্ণভাবে ওয়াকিবহাল। সম্মতিজ্ঞাপক/অন্তর্বর্তী হিসাব পরীক্ষকরা শাখার কে ওয়াই সি-র নিয়মাবলী এবং নীতির প্রয়োগ বিশদভাবে পরীক্ষা করবেন এবং মিলিয়ে দেখবেন এবং ত্রুটিগুলি সম্পর্কে মতামত দেবেন। এই সম্বন্ধে সম্মতির জন্য তিন মাস অন্তর পর্যদের হিসাব পরীক্ষা, মণ্ডলীর কাছে পেশ করতে পারে।

ব্যাংক অবশ্যই নিয়মিত কর্মচারীদের হাতে কলমে শিক্ষার ব্যবস্থা করবে যাতে তার কর্মচারীরা কে ওয়াই সি নিয়মাবলী সম্পর্কে পর্যাপ্ত শিক্ষিত হতে পারে। অন্যান্য দিকের জন্যও শিক্ষার প্রয়োজন আছে, সম্মুখসারির কর্মচারী, সম্মতিজ্ঞাপক কর্মচারী এবং নতুন গ্রাহকের সঙ্গে ব্যবহারকারী কর্মচারীদের জন্য। এটা চূড়ান্ত, যে ঐসব বিষয়গুলি থেকে এটা পরিষ্কারভাবে বোঝা যায় কে ওয়াই সি নীতির পেছনে যুক্তি এবং তার সামঞ্জস্যপূর্ণ প্রয়োগের যৌক্তিকতা।

গ্রাহক শিক্ষা

৬। কে ওয়াই সি নিয়মাবলীর প্রয়োগের জন্য ব্যাংক গ্রাহকদের কাছ থেকে তথ্য চাইতে পারে যেটা ব্যক্তিগত প্রকৃতির হতে পারে অথবা যেটা আগে চাওয়া হয়নি। উদ্দেশ্য ও তথ্য সংগ্রহের জন্য কোন সময়ে গ্রাহককে অনেক প্রশ্ন করতে হতে পারে। কে ওয়াই সি নীতির সম্বন্ধে গ্রাহককে শিক্ষিত করার জন্য ব্যাংক কিছু নির্দিষ্ট লিফলেট/পুস্তিকা তৈরী করতে পারে। গ্রাহকের সাথে সম্পর্ক করার সময় সম্মুখ সারির কর্মচারীদের বিশেষভাবে শিক্ষিত হওয়ার প্রয়োজন এইসব অবস্থা মোকাবিলা করার জন্য।

নতুন প্রযুক্তির সাথে পরিচয় - ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড/গিফট কার্ড

৭। ব্যাংক বিশেষ মনোযোগ দেবে যে কোন টাকা হাওলার ভয় প্রদর্শনের জন্য যেটা নতুন অথবা প্রযুক্তির বিকাশের জন্য উদ্ভূত, যেমন আন্তর্জাল ব্যাংকিং, অনামী ব্যক্তির অনুকূলে এবং প্রয়োজনে, এটাকে ব্যবহার করে টাকা হাওলা নিবারণ করার উপায়ের ব্যবস্থা করা।

অনেক ব্যাংক বিভিন্ন রকম বৈদ্যুতিন কার্ড প্রদানের ব্যবসার সঙ্গে জড়িত যেগুলো গ্রাহকেরা ব্যবহার করে জিনিসপত্র এবং সেবা ক্রয়, এ টি এম থেকে টাকা তোলা এবং বৈদ্যুতিন লেনদেন করে। আরো একটা ব্যাপার হল এই সমস্ত কার্ডের বাজার তৈরী করা হয় সাধারণ প্রতিনিধিদের দ্বারা। ব্যাংক নিশ্চিত করে কে ওয়াই সি নীতির প্রয়োগ করবে গ্রাহককে কার্ড বিতরণ করার আগে। প্রতিনিধিরা কে ওয়াই সি মান অনুযায়ী হবে এটাও বাঞ্ছনীয়।

বর্তমান অ্যাকাউন্টের জন্য কে ওয়াই সি

৮। ব্যাংকগুলি বিজ্ঞপ্তি নং DBOD.AML.BC 47/14.01.001/2003-04, DBOD.AML. 129/14.01.001/2003.04 ও DBOD.AML.BC No.101/14.01.001/2003-04 তাং ২৪শে নভেম্বর ২০০৩, ১৬ই ডিসেম্বর, ২০০৩ এবং ২১শে জুন, ২০০৪ ক্রমানুসারে কে ওয়াই নিয়ম আরোপ করার জন্য এবং বিজ্ঞপ্তি নং DBOD.No. AML.BC.18/14.01.001/ 2002-03 তাং ১৬ই আগস্ট, ২০০২ প্রত্যেক বর্তমান গ্রাহককে সময় সীমার মধ্যে জানানো হয়েছে। যখন পরিবর্তিত নিয়মাবলী নতুন গ্রাহকের উপর আরোপিত হবে তখন ব্যাংক সেটা বর্তমান গ্রাহকদের উপর বাস্তব ও ঝুঁকির নিরিখে আরোপিত করবে। যখন বর্তমান অ্যাকাউন্টে লেনদেন হবে তার উপর সর্বদা নজরদারী করা হবে এবং যখনই কোন অস্বাভাবিকতা লক্ষ্য করা যাবে ততক্ষণাত্ সি ডি মানের পর্যবেক্ষণ শুরু হয়ে যাবে। ব্যাংক ঐ সমস্ত অ্যাকাউন্টে তাদের প্রকৃতি এবং অ্যাকাউন্টের ধরণ অনুযায়ী আর্থিক গন্ডী নিরূপণ করতে পারে। এটা নিশ্চিত করবে সমস্ত বর্তমান কোম্পানী প্রতিষ্ঠান, ট্রাস্ট, সাহায্যপ্রদানকারী সংস্থা, ধর্মীয় সংস্থা একা অপর সংস্থার অ্যাকাউন্টগুলোকে ন্যূনতম কে ওয়াই সি মান অনুযায়ী, সাধারণ /আইনী ব্যক্তি বা তাদের 'লাভের অংশিদারদের' পরিচয় প্রতিষ্ঠিত। ব্যাংক এটাও নিশ্চিত করবে যে নির্দিষ্ট সময় /আবর্ত-জমা অ্যাকাউন্ট অথবা এই ধরণের অ্যাকাউন্ট, নতুন অ্যাকাউন্ট হিসাবে গণ্য হবে যখন নবীকরণ হবে, এবং এগুলোতে পরিবর্তিত কে ওয়াই সি নিয়মাবলী আরোপ হবে।

যেখানে ব্যাংক তথ্য না দেওয়া এবং/অথবা গ্রাহকের অসহযোগিতার জন্য কে ওয়াই সি নিয়ম আরোপ করতে অক্ষম হলে ব্যাংক গ্রাহককে কারণ ব্যাখ্যা করে নোটিস দিয়ে অ্যাকাউন্ট বন্ধ অথবা ব্যাংকিং/ব্যবসায়িক সম্বন্ধ সীমাবদ্ধ করার কথা বিবেচনা করতে পারে। এই ধরণের সিদ্ধান্ত নেওয়ার জন্য উপযুক্ত উপর মহলের প্রয়োজন।

ভারতের বাইরে শাখা এবং সহকারী কার্যালয়ের উপর প্রয়োগ

৯। ওপরে নির্দেশিকাগুলি, শাখা এবং বিদেশে অবস্থিত সহকারী কার্যালয়গুলির উপরও আরোপিত হবে, বিশেষত দেশের মধ্যে যেগুলিতে এফ এ টি এফ-র সুপারিশগুলো, আঞ্চলিক আরাপিত আইনের পরিবর্তে কার্যকর করেনি বা পর্যাণ্ডভাবে কার্যকর করে নি

তাদের উপর আরাপিত হবে। যখন আঞ্চলিক আরাপিত আইন এবং নিয়ম কানুন এই নির্দেশিকাগুলির প্রয়োগের ক্ষেত্রে বাঁধা হয়ে দাঁড়ায় তাহলে তা রিসার্ভ ব্যাংকের নজরে আনতে হবে।

মুখ্য আধিকারীকের নিয়োগ

১০। ব্যাংক বরিষ্ঠ পরিচালন আধিকারীককে মুখ্য আধিকারীক হিসাবে নিয়োগ করতে পারে। মুখ্য অফিসার/ব্যাংকের প্রধান/কর্পোরেট কার্যালয়ে থাকবেন এবং তিনি সমস্ত লেনদেন পর্যবেক্ষণ; বর্ণনা করবেন এবং আইনের প্রয়োজনে তথ্য আদান প্রদান করার জন্য দায়িত্বশীল থাকবেন। তিনি ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করবেন, এনফোর্সমেন্ট সংস্থা। ব্যাংক এবং অপর কোন সংস্থা, যারা টাকা হাওলা এবং আর্থিক সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করছে।

সংযোজনী - ১

গ্রাহক সনাক্তকরণ প্রয়োজনীয়তা-যুক্তিসংগত নির্দেশিকা

ট্রাস্ট/উত্তরাধিকার অথবা ফিডিউসারি অ্যাকাউন্ট

ট্রাস্ট/উত্তরাধিকার অথবা ফিডিউসারি অ্যাকাউন্টের জন্য গ্রাহক চিহ্নিতকরণ নিয়মকে পরিহার করার সম্ভাবনা উদ্ভূত হতে পারে। ব্যাংক এটা ঠিক করে নেবে যে গ্রাহক অন্য কোন ব্যক্তির হয়ে কাজ করছেন কিনা যেমন আছি হিসাবে / উত্তরাধিকারী হিসাবে অথবা অন্য কোন মধ্যবর্তীর হয়ে। যদি তাই হয়ে থাকে ব্যাংক জোর করতে পারে সন্তোষজনক পরিচয় প্রমাণের জন্য মধ্যবর্তীর এবং সেই ব্যক্তির, যার হয়ে তারা কাজ করছেন, যেখানে ট্রাস্টের প্রকৃতি অথবা সেখানের অপর ব্যবস্থার বিবরণ থাকবে। যখন ট্রাস্টের জন্য কোন অ্যাকাউন্ট খোলা হবে তখন ব্যাংক প্রয়োজনীয় সতর্কতা নেবে ট্রাস্টের পরিচিতি এবং ট্রাস্টের নিষ্পত্তিকারক (কোন ব্যক্তি যিনি ট্রাস্টের সম্পত্তির নিষ্পত্তি করেন), অনুদান প্রদানকারী, অংশীদার এবং স্বাক্ষরকারীদের সম্পর্কে। অংশীদাররা চিহ্নিত হবেন যখন তাদের কথা বলা হবে। প্রতিষ্ঠান (ফাউন্ডেশন) এর ক্ষেত্রে প্রতিষ্ঠান কার্যনির্বাহক / পরিচালনদের এবং অংশীদারদের যাদের কথা বলা হবে তাদের প্রমাণের জন্য পদক্ষেপ নেওয়া উচিত।

কোম্পানী এবং ব্যবসা প্রতিষ্ঠানের অ্যাকাউন্ট

ব্যাংকের সেই ব্যবসার স্থায়িত্ব পর্যবেক্ষণের প্রয়োজন আছে, যখন কোন একজন ব্যক্তি 'সামনে' থেকে ব্যাংক অ্যাকাউন্ট রক্ষা করেন, তাহলে ব্যাংক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ চিত্র পরীক্ষা করে দেখবে, জমার রাশির উত্স জানা এবং খুঁজে বার করা সাধারণ ব্যক্তি যার নিয়ন্ত্রণের ইচ্ছা আছে এবং যিনি পরিচালক মণ্ডলীর সঙ্গে রফা করেন। এই প্রয়োজনগুলি ঝুঁকির উপলব্ধিতে পরিবর্তনশীল হতে পারে যেমন পাবলিক কোম্পানীর শেয়ার হোল্ডারদের পরিচয়ের প্রয়োজন নেই।

পেশাদার মধ্যবর্তীর দ্বারা মক্কেলের অ্যাকাউন্ট খোলা

ব্যাংকের জ্ঞান ও বিশ্বাস থাকবে যখন মক্কেলের অ্যাকাউন্ট একজন মক্কেলের হয়ে পেশাদার মধ্যবর্তীর দ্বারা খোলা হবে তখন মক্কেলকে অবশ্যই সনাক্ত করতে হবে। ব্যাংক কিছু 'যুগ্ম' অ্যাকাউন্ট ধারণ করতে পারে যেগুলো পরিচালিত হচ্ছে পেশাদার মধ্যবর্তীদের দ্বারা কোন সত্তার হয়ে যেমন মিউচুয়াল ফান্ড অথবা অন্য প্রকার ফান্ড।

ব্যাংক যুগ্ম অ্যাকাউন্ট/উকিল/চার্টার্ড অ্যাকাউন্ট অথবা স্টক ব্রোকারদের দ্বারা পরিচালিত, ফান্ড গঠিত হয় 'জমার ভিত্তিতে' অথবা 'ইন এসক্রো' গ্রাহকের শ্রেণী অনুযায়ী। যেখানে ফান্ড গঠিত হয় মধ্যবর্তীদের দ্বারা সেখানে ব্যাংকের সহ মিশ্রণ হয় না এবং সেখানে প্রত্যেক অংশীদারদের জন্য সহ অ্যাকাউন্ট আরোপিত হয়। যেখানে ব্যাংক, মধ্যবর্তীর দ্বারা সংগঠিত 'গ্রাহককে দেয় শ্রম' (সি ডি ডি)-র উপর নির্ভর করে তখন তারা তাদেরকে সম্ভ্রষ্ট করবে যে মধ্যবর্তীদের কে ওয়াই সি-র প্রয়োজনীয় সম্মত পর্যাণ্ড ব্যবস্থা দ্বারা নিয়ন্ত্রিত ও পর্যবেক্ষিত, এটাও বুঝতে হবে যে গ্রাহককে জানার অস্তিম দায়িত্ব ব্যাংকের।

ভারতের বাইরে বসবাসকারী রাজনৈতিক পরিচিত ব্যক্তিদের (পি ই পি-র) অ্যাকাউন্ট

রাজনৈতিক পরিচিত ব্যক্তির বিদেশ এককভাবে জনসাধারণের অনুষ্ঠানের দ্বারা বিশ্বাস স্থাপন করে যেমন রাজ্য অথবা সরকারী প্রধান, বড়িষ্ঠ রাজনৈতিক, বড়িষ্ঠ সরকারী/আইনী/মিলিটারী আধিকারিক, রাজ্য পরিচালিত পৌরসভার কার্যনির্বাহক, গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের উচ্চপদস্থ কর্মচারী ইত্যাদি। ব্যাংক এই রকম শ্রেণীর যে কোন ব্যক্তি/গ্রাহকের সম্বন্ধে যথেষ্ট তথ্য সংগ্রহ করবে সম্পর্ক মনস্থ করতে এবং সমস্ত তথ্য যা জনসাধারণের কাছ থেকে পাওয়া যাবে তা পরীক্ষা করে দেখবে। ব্যাংক পি.ই.পি কে গ্রাহক হিসাবে গ্রহণ করার আগে ব্যক্তির সনাক্তকরণ পরীক্ষা করবে এবং তথ্য খুঁজবে জমার উত্স সম্পর্কে। পি ই পি কে গ্রাহক হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত নেবে বড়িষ্ঠ সমতুল্যে যা পরিস্কারভাবে গ্রাহক গ্রহণ নীতিতে বলা আছে। ব্যাংক এই সব অ্যাকাউন্টের উপর নিরীক্ষণ বাড়াবে প্রতিনিয়ত। ওপরের নিয়মগুলি পি.ই.পি-র পারিবারিক সদস্যদের এবং ঘনিষ্ঠ আত্মীয়দের অ্যাকাউন্টের উপরও প্রযোজ্য হবে।

সম্মুখে না আসা গ্রাহকদের অ্যাকাউন্ট

টেলিফোনে জিজ্ঞাসাবাদ এবং বৈদ্যুতিন এর দ্বারা ব্যাংক গ্রাহকদের জন্য ক্রমশঃ অ্যাকাউন্ট খুলছে যেখানে গ্রাহককে ব্যাংকের শাখায় আসার প্রয়োজন নেই। সম্মুখে না আসা গ্রাহকদের ক্ষেত্রে সাধারণ গ্রাহক চিহ্নিতকরণ নিয়ম ব্যতিরেকে উচ্চ ঝুঁকি এড়ানোর জন্য সুনির্দিষ্ট এবং পর্যাণ্ড নিয়মের প্রয়োজন। যে সমস্ত দস্তাবেজ পেশ করা হয়েছে তার প্রমাণের জন্য জোর করা যেতে পারে এবং যদি প্রয়োজন হয়, অতিরিক্ত দস্তাবেজ চাইতে পারে। এই সব ক্ষেত্রে ব্যাংকের প্রয়োজন প্রথম টাকা প্রদান গ্রাহকের অন্য ব্যাংকের অ্যাকাউন্টের মাধ্যমে করা যেখানে একই রকম কে.ওয়াই.সি মান আছে। সীমান্তের ওপারের গ্রাহকদের ক্ষেত্রে অতিরিক্ত অসুবিধা হচ্ছে দস্তাবেজ অনুযায়ী গ্রাহককে মেলানো এবং ব্যাংককে তৃতীয় পক্ষের প্রশংসা পত্র/পরিচয় পত্রের উপর নির্ভর করতে হতে পারে। এই সব ক্ষেত্রে এটা অবশ্যই নিশ্চিত হতে হবে যে তৃতীয় পক্ষ নিয়ন্ত্রিত এবং পর্যবেক্ষিত সংস্থা এবং সেখানে পর্যাণ্ড কে.ওয়াই.সি ব্যবস্থা আছে।

প্রতিনিধি ব্যাংকিং

প্রতিনিধি ব্যাংকিং হল ব্যাংকিং শর্ত যা একটি ব্যাংক (সংবাদদাতা ব্যাংক) অন্য একটি ব্যাংককে (“প্রতিবাদী ব্যাংক”) দেবে। এই সকল কাজের মধ্যে নগদ/জমা রাশি পরিচালন, আন্তর্জাতিক তার প্রেরণ, ডিম্যান্ড ড্রাফেটের দ্বারা টাকা তোলা ব্যবস্থা এবং ডাক প্রেরণ, অ্যাকাউন্টের মাধ্যমে চাকা প্রদান, চেক ক্লিয়রিং ইত্যাদি। ব্যাংক সংবাদদাতা/প্রতিবাদী ব্যাংকের ব্যবসার প্রকৃতি সম্পর্কে জানার জন্য পর্যাপ্ত তথ্য সংগ্রহ করবে। ব্যাংকের পরিচালন, বৃহৎ ব্যবসায়িক কার্যকলাপ, এ এম এল/সি একটি সম্মতির পর্যায়, অ্যাকাউন্ট খোলার উদ্দেশ্য, কোন তৃতীয় পক্ষের অস্তিত্ব যেটা সংবাদদাতা ব্যাংকিং-এর কাজে ব্যবহৃত এবং সংবাদদাতার/প্রতিবাদীর দেশে নিয়ন্ত্রণ/পর্যবেক্ষণের চিত্র, ব্যাংকের কাছে বিশেষ প্রাসঙ্গিক হতে পারে। সেই রকমভাবে ব্যাংক জনসসাধারণের থেকে খবর সংগ্রহ করতে পারে যে অপর কোন ব্যাংকের টাকা হাওলা অথবা জঙ্গী অর্থনীতির অনুসন্ধান অথবা/নিয়ন্ত্রণে এই ধরনের সম্পর্ক স্থাপিত হবে পর্যদের অনুমতিতে এটা যখন অভিপ্রেত হয় ঘটনাচক্রে কিছু ব্যাংকের পর্যদ ক্ষমতা প্রশাসনিক কর্তৃপক্ষকে অর্পন করতে চায়, তারা ব্যাংকের সভাপতি/সি.ই.ও দ্বারা পরিচালিত কমিটিকে ক্ষমতা দিতে পারে যখন এই ধরনের সম্পর্ককে অনুমতি দেওয়ার জন্য পরিষ্কার কারণ প্রতিষ্ঠিত থাকে। কমিটি প্রস্তাব অনুমতি দেবে তখন সেটার পরিবর্তন না করে পর্যদের কাছে পেশ করবে পরের সভাতে পরবর্তী অনুমতির জন্য। এটা প্রত্যেক ব্যাংকের দায়িত্ব, যে ব্যাংকের সহিত সংবাদদাতা ব্যাংকিং সম্পর্ক গড়ে উঠবে সেটাকে পরিষ্কারভাবে নথিভুক্ত করা। অ্যাকাউন্টের মাধ্যমে টাকা প্রদানের ক্ষেত্রে, সংবাদদাতা ব্যাংক সন্তুষ্ট থাকবে যে প্রতিবাদী ব্যাংক গ্রাহকের পরিচয় পরীক্ষা করেছে যার অ্যাকাউন্টের সহিত সরাসরি যোগ আছে এবং তাদের উপর ‘যোগ্য মনোযোগ’ দেওয়া হয়েছে। সংবাদ দাতা ব্যাংক আরো নিশ্চিত হবে যে প্রতিবাদী ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের চিহ্নিতকরণ তথ্য অনুরোধের সঙ্গে সঙ্গে দেবে।

ব্যাংক “শেল ব্যাংক” (যেমন একটি ব্যাংক যেটা একটি দেশের সঙ্গে সম্পর্কিত যেখানে তার কোন অস্তিত্ব নেই এবং কোন নিয়ন্ত্রিত অর্থনৈতিক সমবায় দ্বারা গোষ্ঠীভুক্ত নয়)। শেল ব্যাংক ভারতবর্ষে কাজ করার জন্য অনুমোদিত নয়। ব্যাংক প্রতিবাদী বৈদেশিক অর্থনৈতিক সংস্থার সহিত সম্পর্ক স্থাপনের থেকে রক্ষা করবে যার অ্যাকাউন্ট শেল ব্যাংক দ্বারা ব্যবহারের অনুমোদন আছে। ব্যাংক খুব সাবধানী হবে যখন কোন প্রতিবাদী ব্যাংকের সহিত সম্পর্ক স্থাপন করবে যার কে.ওয়াই.সি মান খুব খারাপ এবং যে দেশ টাকা হাওলা ও জঙ্গী অর্থনীতির বিরুদ্ধে লড়াইএ অসহযোগী হিসাবে

পরিচিত। ব্যাংক নিশ্চিত হবে যে প্রতিবাদী ব্যাংকের টাকা হাওলা প্রতিরোধী নীতি ও নিয়মের সম্বন্ধে এবং অনুরূপ অ্যাকাউন্টের মাধ্যমে টাকা লেনদেনের জন্য বর্ধিত মনোযোগ নীতি আরোপিত আছে।

সংযোজন - ২**গ্রাহক চিহ্নিতকরণ নিয়ম**

গ্রাহকদের থেকে পাওয়া বিশিষ্ট অংশ এবং নথি পরীক্ষিত হবে

বৈশিষ্ট্য	নথি
<p>ব্যক্তিগত অ্যাকাউন্ট</p> <ul style="list-style-type: none"> - আইনী এবং অন্য কোন ব্যবহৃত নাম - সঠিক স্থায়ী ঠিকানা 	<p>১) পাসপোর্ট ২) প্যান কার্ড</p> <p>৩) ভোটার পরিচয় পত্র ৪) ড্রাইভিং লাইসেন্স ৫) পরিচয় পত্র (ব্যাংকের সম্ভৃষ্টি অনুযায়ী) ৬) ব্যাংকের সম্ভৃষ্টির জন্য কোন সুপরিচিত সরকারী কর্তৃপক্ষ বা সরকারী কর্মচারীর থেকে গ্রাহকের পরিচয় এবং বাড়ীর ঠিকানার প্রমাণের চিঠি-</p> <p>(ক) টেলিফোন বিল (খ) ব্যাংক অ্যাকাউন্টের বিবৃতি (গ) সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে চিঠি (ঘ) বিদ্যুতের বিল (ঙ) রেশন কার্ড (চ) চাকুরী প্রদানকারীর কাছ থেকে চিঠি (যা ব্যাংককে সম্ভৃষ্টি করবে) (যে কোন একটি নথী যাতে গ্রাহকের সম্বন্ধে যথেষ্ট তথ্য থাকবে যা ব্যাংককে সম্ভৃষ্টি করবে)</p>
<p>কোম্পানীর অ্যাকাউন্ট</p> <ul style="list-style-type: none"> - কোম্পানীর নাম - ব্যবসার প্রধান জায়গা - কোম্পানীর চিঠি পাঠাবার ঠিকানা - টেলিফোন/ফ্যাক্স নম্বর 	<p>(ক) সমিতি গঠনের প্রশংসাপত্র এবং সমিতির স্মারকলিপি ও প্রবন্ধ (খ) অ্যাকাউন্ট খোলার জন্য পর্যদের অধিকর্তাদের অঙ্গীকার এবং অ্যাকাউন্ট যারা চালনা করবেন তাদের সনাক্তকরণ (গ) প্রবন্ধক, আধিকারিক অথবা কর্মচারীদের তার হয়ে ব্যবসা চালনা করার জন্য অনুমোদিত মোজারনামা (ঘ) প্যান প্রদানের চিঠির নকল (ঙ) টেলিফোন বিলের কপি</p>
<p>অংশীদারী প্রতিষ্ঠানের অ্যাকাউন্ট</p> <ul style="list-style-type: none"> - আইনী নাম - ঠিকানা - সমস্ত অংশীদারদের নাম 	<p>(ক) নিবন্ধীকরণ হয়ে থাকলে নিবন্ধীকরণের প্রশংসাপত্র (খ) যৌথ কারবারী দলিল (গ) কোন একজন অংশীদারকে বা কর্মচারীকে তাদের হয়ে ব্যবসা চালনা করার জন্য অনুমোদিত মোজারনামা (ঘ) অংশীদারদের বা যিনি</p>

<p>এবং ঠিকানা</p> <ul style="list-style-type: none"> - প্রতিষ্ঠানের এবং অংশীদারদের টেলিফোন নম্বর 	<p>মোজারনামা গ্রহণ করেছেন তাকে সনাক্তকরণের জন্য কোন বৈধ নথী এবং তাদের ঠিকানা (ঙ)প্রতিষ্ঠান/ অংশীদারদের নামে টেলিফোন বিল।</p>
<p>ট্রাস্ট এবং ফাউন্ডেশনের অ্যাকাউন্ট</p> <ul style="list-style-type: none"> - অছি, মীমাংসক, সুবিধাভোগীদের এবং সাক্ষরকারীদের নাম - প্রতিষ্ঠাতা, প্রবন্ধক/পরিচালক এবং সুবিধাভোগীদের নাম ও ঠিকানা - টেলিফোন/ফ্যাক্স নম্বর 	<p>ক) নিবন্ধীকরণ হয়ে থাকলে, নিবন্ধীকরণের প্রশংসাপত্র (খ) মোজারনামা, যা তাদের হয়ে ব্যবসা চালনা করার জন্য অনুমোদিত হয়েছে (গ) ট্রাস্ট, মীমাংসক, অংশীদার এবং যারা মোজারমানা গ্রহণ করেছেন, প্রতিষ্ঠাতা/প্রবন্ধক/পরিচালকদের সনাক্তকরণের জন্য কোন বৈধ নথী এবং তাদের ঠিকানা (ঘ) ফাউন্ডেশন/সমিতির পরিচালক মণ্ডলীর অঙ্গীকার (ঙ) টেলিফোন বিল</p>